



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১০০/


তারিখঃ ১০/২০১৭খ্রিঃ

বিষয়ঃ স্থগিতাদেশ জারিকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলাধীন কাদিরাবাদ আলিম মাদ্রাসার অধ্যক্ষ কর্তৃক গভার্ণিং বডি অনুমোদনের জন্য আবেদনসহ কাগজপত্র দাখিল করা হলে অত্র দপ্তর হতে “সভাপতি মনোনয়নের জন্য স্থানীয় সংসদ সদস্যের সুপারিশ প্রয়োজন” মর্মে অত্র দপ্তর হতে নং-প্রশা/১৩১৮/১/নথি নং- ময়মনসিংহ-১০০; তারিখঃ ২৭/০৯/২০১৬খ্রিঃ স্মারকে একটি পত্র দেয়া হয়। উক্ত পত্রের বিরুদ্ধে গভার্ণিং বডির সদস্য জনাব মোঃ মোশাররফ হোসাইন মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ১৬১১০/২০১৬ দায়ের করেন। উক্ত রিট পিটিশনের প্রেক্ষিতে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ ০৬ (ছয়) মাসের স্থগিতাদেশ জারি করেছেন।

বর্ণিত অবস্থায় মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের আদেশ বলবৎ থাকাকালীন অত্র দপ্তর হতে জারিকৃত নং- প্রশা/১৩১৮/১/নথি নং- ময়মনসিংহ-১০০; তারিখঃ ২৭/০৯/২০১৬খ্রিঃ স্মারকের কার্যকারিতা এতদ্বারা স্থগিত করা হলো। স্থগিতাদেশ বলবৎ থাকাকালীন মাদ্রাসার শিক্ষক কর্মচারীদের বেতন-ভাতা বিলে প্রতিস্বাক্ষর করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল, ময়মনসিংহকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
০৫.১০.১৭

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।

২) অধ্যক্ষ, কাদিরাবাদ আলিম মাদ্রাসা, নান্দাইল, ময়মনসিংহ।

নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১০০/

তারিখঃ ১০/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪